**জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০১০.২২-২৬৪১

তারিখ : ০৯ অগ্রহায়ণ ১৪৩২ / ২৪ নভেম্বর ২০২৫

**বিষয়: ইউনিয়ন পরিষদের ভবন/ মেরামত/ সংস্কারের লক্ষ্যে বরাদ্দের চাহিদা প্রেরণ।**

সূত্র : স্থানীয় সরকার বিভাগের জিও নম্বর ৪৬.০০.০০০০.০১৮.০২.০১০.২২-২৬৪০, তারিখ: ২৪ নভেম্বর ২০২৫

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২৬ অর্থবছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে ইউনিয়ন পরিষদ সংক্রান্ত 'অন্যান্য ভবন ও স্থাপনা' খাতে বরাদ্দকৃত ৬৪.০০ (চৌষট্টি) কোটি টাকা বরাদ্দ রয়েছে। বিভিন্ন জেলা হতে প্রাপ্ত চাহিদার ভিত্তিতে এ অর্থ হতে ১ম-২য় কিস্তিতে ৩২.০০ (বত্রিশ) কোটি টাকা দেশের ৩৮(আটত্রিশ)টি জেলার নিম্নবর্ণিত ৩২০(তিনশত বিশ) টি ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে বরাদ্দ করা প্রদান করা হয়েছে। অবশিষ্ট অর্থ ৩য়-৪র্থ কিস্তিতে দেশের বিভিন্ন জেলা হতে প্রাপ্ত তালিকা ও অগ্রাধিকার অনুযায়ী যথাসময়ে বরাদ্দ প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, আপনার জেলায় যে সকল ইউনিয়ন পরিষদসমূহের ভবন সংস্কার/ মেরামত করা জরুরি প্রয়োজন কিন্তু গত ৩(তিন) বছরে কোনো বরাদ্দ প্রদান করা হয়নি, এমন ইউনিয়ন পরিষদসমূহের তালিকা অগ্রাধিকারের ক্রমানুযায়ী **আগামী ১৫(পনেরো) দিনের মধ্যে আবশ্যিকভাবে ই-মেইলে ও ডাকযোগে** প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্র. | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণকাল | সর্বশেষ কত সালে মেরামত/ সংস্কার করা হয়েছে? | অগ্রাধিকার ক্রম | মেরামত/ সংস্কারের জন্য চাহিদা (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

৩। উল্লেখ্য, ইউনিয়ন পরিষদের ভবন/ মেরামত/ সংস্কারের জন্য প্রাক্কলন প্রস্তুত করে তাঁর দপ্তরে সংরক্ষণ করে শুধুমাত্র তালিকা এ বিভাগে প্রেরণ করতে হবে। প্রাক্কলন এ বিভাগে প্রেরণ করার প্রয়োজন নেই।

৪। **বিষয়টি অতি জরুরি।**

২৪.১১.২০২৫

মোঃ সামিউল মাসুদ
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০
lgup2@ lgd.gov.bd

জেলা প্রশাসক

........................ (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদশ সচিবালয়, ঢাকা